UG 1st Semester Examination 2021

Award: BA (HONS)

Discipline: BENGALI

Course Type: GE (Hons)

Course Code: BAHBNGGE101

Course Name: বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস

Full Marks: 40 **Time: 2 Hours**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যেকোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও: **১X৫**

ক) তোমাদের পাঠ্য 'বাঙালির ইতিহাস' গ্রন্থটি কোন মূল গ্রন্থের সংক্ষিপ্ত সংস্করণ ?

খ) কুকুরকে ডাকার সময় আজও বাংলায় যে 'চু চু' বা 'তু তু' শব্দ উচ্চারণ করা হয় তা কোন ভাষা থেকে এসেছে ?

গ) পরিব্রাজক ইউইয়ান-চোয়াং কোন শতকে এদেশে এসেছিলেন ?

ঘ) গুপ্তযুগের রৌপ্যমুদ্রার নাম কী ছিল ?

ঙ) 'অন্নদামঙ্গল' কাব্য কার লেখা ও কোন সময়ে রচিত ?

চ) মনসামঙ্গল কাব্যের একজন পশ্চিমবঙ্গীয় কবির নাম লেখো।

ছ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর শেক্সপিয়ারের কোন নাটক অবলম্বনে 'ভ্রান্তিবিলাস' রচনা করেন ?

জ) রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে প্রয়াত হন ?

২। যেকোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও: **২X৫**

ক) পাল বংশের দু'জন রাজার নাম লেখো।

খ) 'রাঢ়া' জনপদের উল্লেখ প্রথম কোন পুঁথিতে পাওয়া যায় এবং এর রাজধানীর নাম কী ছিল ?

গ) আজ থেকে সাড়ে পাঁচশো বছর আগে গঙ্গার পূর্ব-দক্ষিণবাহিনী প্রবাহকে কী নামে ডাকা হত ? এখন তার নাম কী ?

ঘ) 'কবীন্দ্রবচনসমুচ্চয়' সংকলন গ্রন্থটি কোন সময়কালে লিখিত হয় এবং এতে কতজন কবির কবিতা সংকলিত হয়েছিল ?

ঙ) চর্যাপদের দু'জন কবির নাম লেখো।

চ) 'বিদ্রোহী' কবিতাটি কার লেখা এবং এটি কত খ্রিষ্টাব্দে প্রথম প্রকাশিত হয় ?

ছ) বঙ্কিমচন্দ্রের দুটি উপন্যাসের নাম লেখো।

জ) ‘নবান্ন’ কী ধরণের রচনা ? এর রচয়িতা কে ?

৩। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও: **৫X৩**

ক) “চতুর্থ-পঞ্চম শতক থেকে অষ্টাদশ শতকের শেষ পর্যন্ত বাংলার গ্রামের এই চেহারা ও প্রকৃতি বিশেষ বদলায়নি” – লেখক অবলম্বনে বাংলার গ্রামজীবনের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

খ) “মাৎস্যন্যায়” কাকে বলে সংক্ষেপে আলোচনা করো।

গ) মাইকেল মধুসূদনের লেখা ‘বীরাঙ্গনা কাব্য’র সংক্ষিপ্ত পরিচয় দাও।

ঘ) বৈষ্ণব পদ রচনায় চণ্ডীদাসের কৃতিত্ব সংক্ষেপে লেখো।

ঙ) রবীন্দ্রনাথের কবিজীবনের ঐশ্বর্য-পর্বের কয়েকটি কাব্যগ্রন্থের পরিচয় দাও।

৪। যেকোনো *একটি* প্রশ্নের উত্তর দাও: **১০X১**

ক) চর্যাগীতির আবিষ্কার, ভাষা এবং সাহিত্যমুল্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

খ) বাংলা উপন্যাস সাহিত্যে তারাশঙ্কর বন্দ্যোপাধায়ের কৃতিত্ব আলোচনা করো।

গ) ‘বাঙালির ইতিহাস’ অবলম্বনে প্রাচীন বাংলার (অষ্টম থেকে দ্বাদশ শতক) বৌদ্ধ জ্ঞান-বিজ্ঞান, শিক্ষা-দীক্ষা এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলি সম্পর্কে সবিস্তার আলোচনা করো।